INDIA PARTNER Dabur GROUP

# আভিভা নিউ ফ্যামিলি ইনকাম বিল্ডার



AVIVA | Life Insurance |



**আভিভা নিউ ফ্যামিলি ইনকাম বিল্ডার - এক ইন্ডিভিজুয়াল নন-লিংকড নন-পার্টিসিপেটিং সেভিংস লাইফ ইন্সিওরেন্স প্ল্যান**

আভিভা-তে আমরা আপনার প্রচেষ্টা এবং কঠিন পরিশ্রমের কারণ বুঝতে পারি, যা হল আপনার প্রিয়জনকে বর্তমানে এবং ভবিষ্যতেও যেন একটি স্বচ্ছন্দ্যময় জীবন দিতে পারেন। পেশ করা হচ্ছে আভিভা নিউ ফ্যামিলি ইনকাম বিল্ডার, একটি সেভিংস তথা সুরক্ষা-কেন্দ্রিক প্রকল্প, যেটি আপনার ফেরৎলাভকে 12 বৎসর, নিয়মিত পে-আউট হিসাবে ফেরৎ দিয়ে আপনাকে আর্থিক সহযোগীতার প্রতিশ্রুতি দেয়। দুর্ভাগ্যবশত, অসময়ে যদি আপনার মৃত্যু হয়, এই নিয়মিত পে-আউটগুলি আপনার পরিবারের কাছে চলে যাবে। তার ফলে এটি, আপনার অবর্তমানেও আপনার প্রিয়জনদের আগের মত একই জীবনযাত্রার ধারা বজায় রাখতে নিশ্চিত করবে।

## আভিভা নিউ ফ্যামিলি ইনকাম বিল্ডার - অভিনবত্বের কারণগুলি

- **নিজের জন্যে প্রতিশ্রুত উপার্জন :**
  - 12 বৎসর বার্ষিক প্রিমিয়াম জমা করুন এবং পরবর্তী 12 বৎসর জমা করা প্রিমিয়ামের দ্বিগুণ ফেরৎ পান, নিম্নলিখিত উপায়ে :
    - 13 থেকে 24 বৎসর প্রত্যেক বৎসরের শেষে বার্ষিক প্রিমিয়ামের 1.5 গুণ
    - অতিরিক্ত সুবিধারাশি - বার্ষিক প্রিমিয়ামের 6 গুণ অর্থ প্রদান করা হবে 24 বৎসরের শেষে, শেষ পে-আউট প্রদান করা সাথে।
  - এছাড়াও, আপনি পাবেন আপনার প্রবেশকালীন বয়সের উপর নির্ভর করে 12 বৎসরের প্রিমিয়াম পেমেন্ট টার্মের শেষে প্রতিশ্রুত টার্মিনাল বেনিফিট ।
- **আপনার মৃত্যু হলে আপনার পরিবারের জন্যে প্রতিশ্রুত উপার্জন:**
  - পলিসি টার্ম চলাকালীন যদি মৃত্যু হয়, বার্ষিক প্রিমিয়ামের 1.5 গুণের সমপরিমাণ 12টি নিয়মিত বার্ষিক ইনস্টলমেন্টস প্রদান করা হবে, প্রথম ইনস্টলমেন্ট দেওয়া হবে, ক্লেম সেটলমেন্টের সময়ে এবং বাকি 11টি বার্ষিক ইনস্টলমেন্ট প্রদান করা হবে প্রত্যেক বৎসর বীমাকৃত ব্যক্তির মৃত্যু-বার্ষিকীর তারিখে।
  - '6 গুণ বার্ষিক প্রিমিয়াম' একটি অতিরিক্ত সুবিধারাশি প্রদান করা হবে 11তম মৃত্যু বার্ষিকীর তারিখে, শেষ বার্ষিক ইনস্টলমেন্টের সাথে।
  - এছাড়াও আপনার নমিনি পাবেন প্রতিশ্রুত টার্মিনাল বেনিফিট, প্রথম পে-আউটের সাথে।

## আভিভা নিউ ফ্যামিলি ইনকাম বিল্ডার - যোগ্যতা

| প্যারামিটার | যোগ্যতা | |
|---|---|---|
| প্রবেশকালীন বয়স | 6 থেকে 50 বৎসর শেষ জন্মদিন | |
| মেয়াদপূর্তির বয়স | 18 থেকে 62 বৎসর শেষ জন্মদিন | |
| পলিসি টার্ম | 12 বৎসর | |
| প্রিমিয়াম জমা করার টার্ম | 12 বৎসর | |
| পেআউট পিরিওড | মেয়াদপূর্তির পরে 12 বৎসর, অর্থাৎ 13তম থেকে 24 তম বৎসর | |
| বার্ষিক প্রিমিয়াম (ন্যূনতম) | ₹40,000 | |
| বার্ষিক প্রিমিয়াম (সর্বাধিক) | ₹1,00,00,000 (প্রতি ব্যক্তি) | |
| আশ্বাসিত অর্থরাশি | **আপনার বার্ষিক প্রিমিয়ামের 24 গুণ হল আশ্বাসিত অর্থরাশি** | |
| | **ন্যূনতম আশ্বাসিত অর্থরাশি** | **সর্বাধিক আশ্বাসিত অর্থরাশি** |
| | ₹9,60,000 (₹40,000 X 24-এর ন্যূনতম বার্ষিক প্রিমিয়াম) | ₹24,00,00,000 প্রতি ব্যক্তির জন্যে (₹1,00,00,000 X 24 সর্বাধিক বার্ষিক প্রিমিয়াম), বোর্ডের অনুমোদিত অধিকৃত পলিসি শর্তসাপেক্ষে |
| প্রিমিয়াম জমা করার ফ্রিকোয়েন্সি | কেবলমাত্র বার্ষিক | |

**অনুগ্রহ করে মনে রাখবেন :**

1. 'বার্ষিক প্রিমিয়াম' হল পলিসিহোল্ডারের বেছে নেওয়া প্রদেয় এক বৎসরের প্রিমিয়ামের পরিমাণ, থেকে কর, রাইডার প্রিমিয়াম, অধিকৃত এক্সট্রা প্রিমিয়াম, যদি থাকে, এবং মোডাল প্রিমিয়ামের জন্যে লোডিংস, যদি থাকে, বাদ দিয়ে বাকি অর্থরাশি।
2. করের মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু সীমিত নয় - পণ্য এবং পরিষেবা কর, প্রযোজ্য সেস আরোপ করা হবে সময় থেকে সময়বিশেষে সরকার প্রযোজ্য আইন অনুসারে। কর বিধিগুলি পরিবর্তনসাপেক্ষ।
3. পলিসিটিকে বর্তমান আর্থিক বৎসরের মধ্যে, ব্যাকডেটেড করা যাবে, যেখানে, এই ব্যাকডেটেড সময়ের জন্যে, প্রযোজ্য প্রিমিয়ামগুলি ছাড়াও আপনাকে বাৎসরিক 9% যৌগিক মাসিক হারে সুদ জমা করতে হবে।
4. যদি পলিসি চালু হওয়ার সময় বীমাকৃত ব্যক্তি একজন নাবালক হন
   - পলিসিহোল্ডারকে প্রিমিয়াম জমা করতে হবে, যিনি পিতা বা মাতা অথবা পিতামহ বা মাতামহ অথবা বীমাকৃত ব্যক্তির অভিভাবক হতে পারেন। পলিসি টার্ম শেষ হওয়ার আগে যদি পলিসিহোল্ডারের মৃত্যু হয়, তবে ভবিষ্যতের প্রিমিয়ামগুলিকে বীমাকৃত ব্যক্তির জীবিত পিতামাতা / আইনী অভিভাবক দ্বারা জমা করতে হবে। যদি ভবিষ্যতের প্রিমিয়ামগুলি জমা না করা হয়, তবে ল্যাপ্স / পেইড-আপ বিধি প্রযোজ্য হবে।
   - পলিসি চালু হওয়ার তারিখ থেকে ঝুঁকি লাগু হয়ে যাবে।
   - যদি বীমাকৃত ব্যক্তি নাবালক থাকাকালীন পলিসিহোল্ডারের মৃত্যু হয়, তবে বীমাকৃত ব্যক্তির জীবিত পিতামাতা / আইনী অভিভাবককে পলিসিহোল্ডার হিসাবে বিচার করা হবে, ক্লেমের স্বীকৃত এবং দস্তাবেজমূলক-প্রমাণ জমা করার পরে। পলিসিটি বীমাকৃত ব্যক্তির 18 বৎসর বয়স সম্পূর্ণ হওয়ার পরে, তাঁর নামে চালু হয়ে যাবে।

## আভিভা নিউ ফ্যামিলি ইনকাম বিল্ডার - প্ল্যানের সুবিধাগুলি

**মেয়াদপূর্তির সুবিধা**

যদি বীমাকৃত ব্যক্তি পলিসি টার্মের শেষ পর্যন্ত জীবিত থাকেন এবং যদি সকল ধার্য প্রিমিয়াম জমা করা হয়ে থাকে, মেয়াদপূর্তি আশ্বাসিত অর্থরাশি প্রদান করা হবে নিম্নলিখিত উপায়ে :


- 'বার্ষিক প্রিমিয়ামের 1.5 গুণের সমপরিমাণ' 12টি বার্ষিক ইনস্টলমেন্টস প্রদান করা হবে পে-আউট পিরিওডের সময়, প্রত্যেক বৎসরের শেষে।
- '6 গুণ বার্ষিক প্রিমিয়াম' সুবিধা হিসাবে থোক নগদ অর্থরাশি প্রদান করা হবে পে-আউট পিরিওডের শেষে।

'বার্ষিক প্রিমিয়াম' হল পলিসিহোল্ডারের বেছে নেওয়া প্রদেয় এক বৎসরের প্রিমিয়ামের পরিমাণ, থেকে কর, রাইডার প্রিমিয়াম, অধিকৃত এক্সট্রা প্রিমিয়াম এবং মোডাল প্রিমিয়ামের জন্যে লোডিংস, যদি থাকে, বাদ দিয়ে বাকি অর্থরাশি।

প্রবেশকালীন বয়সের উপর নির্ভর করে, প্রিমিয়াম পেমেন্ট টার্মের শেষে একটি অতিরিক্ত প্রতিশ্রুত টার্মিনাল বেনিফিট প্রদান করা হবে।

নিয়মিত উপার্জন (রেগুলার ইনকাম) প্রাপ্ত হওয়াকালীন যদি দুর্ভাগ্যবশত বীমাকৃত ব্যক্তির মৃত্যু হয়, সেক্ষেত্রে আউটস্ট্যান্ডিং নিয়মিত পে-আউট প্রদান করা হবে নমিনিকে / বেনিফিশিয়ারিকে।

**উদাহরণ :** আপনার বয়স 35 বৎসর এবং আপনি 12 বৎসরের জন্যে প্রতি বৎসর ₹1 লক্ষ + প্রযোজ্য কর, জমা করলেন। আপনি প্রতিশ্রুত টার্মিনাল বেনিফিট হিসাবে 12 বৎসরের শেষে পাবেন ₹8000 এবং পরবর্তী 12 বৎসর পাবেন ₹24 লক্ষ, নিয়মিত উপার্জন হিসাবে এবং 13 থেকে 24 বৎসরের শেষে প্রত্যেক বৎসর ₹1.5 লক্ষ এবং 24তম বৎসরের শেষে শেষ পে-আউটের সাথে বর্ধিত সুবিধারাশি হিসাবে পাবেন টাকা 6 লক্ষ।



**মৃত্যু সুবিধা**

যদি পলিসি টার্ম চলাকালীন বীমাকৃত ব্যক্তির মৃত্যু হয়, যদি মৃত্যুর তারিখ পর্যন্ত সকল প্রিমিয়াম জমা করা হয়ে থাকে, এই শর্তসাপেক্ষে, মৃত্যুতে আশ্বাসিত অর্থরাশি প্রদান করা হবে, নিম্নলিখিতগুলির মধ্যে যেটি বেশি হবে:

a) বার্ষিক প্রিমিয়ামের 10 গুণ, অথবা

b) মৃত্যুর তারিখ পর্যন্ত জমা করা মোট প্রিমিয়ামের 105%, অথবা

c) পলিসির আশ্বাসিত অর্থরাশি

মোট জমা করা প্রিমিয়ামের অর্থ হল প্রিমিয়ামের জন্যে প্রাপ্ত মোট অর্থসহ, কোনো এক্সট্রা প্রিমিয়াম, কোনো রাইডার প্রিমিয়াম এবং করসহ

আশ্বাসিত অর্থরাশি প্রদান করা হবে, নিম্নলিখিত উপায়ে :

- 'বার্ষিক প্রিমিয়ামের 1.5 গুণের' সমপরিমাণ 12টি নিয়মিত বার্ষিক ইনস্টলমেন্টস প্রদান করা হবে, প্রথম ইনস্টলমেন্ট দেওয়া হবে, ক্লেম সেটলমেন্টের সময়ে এবং বাকি 11টি বার্ষিক ইনস্টলমেন্ট প্রদান করা হবে প্রত্যেক বৎসর বীমাকৃত ব্যক্তির মৃত্যু-বার্ষিকীর তারিখে, প্রথম মৃত্যু বার্ষিকের তারিখ থেকে শুরু করে।
- '6 গুণ বার্ষিক প্রিমিয়াম' একটি অতিরিক্ত সুবিধারাশি থোক নগদ অর্থ হিসাবে প্রদান করা হবে বীমাকৃত ব্যক্তির 11তম মৃত্যু বার্ষিকীর তারিখে, 12তম ইনস্টলমেন্টের সাথে।

'বার্ষিক প্রিমিয়াম' হল পলিসিহোল্ডারের বেছে নেওয়া প্রদেয় এক বৎসরের প্রিমিয়ামের পরিমাণ, থেকে কর, রাইডার প্রিমিয়াম, অধিকৃত এক্সট্রা প্রিমিয়াম এবং মোডাল প্রিমিয়ামের জন্যে লোডিংস, যদি থাকে, বাদ দিয়ে বাকি অর্থরাশি।

একটি অতিরিক্ত প্রতিশ্রুত টার্মিনাল বেনিফিট, আপনার প্রবেশকালীন বয়সের উপর নির্ভর করে, মৃত্যু ক্লেম সেটলমেন্টের সময় মৃত্যু সুবিধারাশি প্রদান করার সাথে প্রদান করা হবে।

**উদাহরণ :**

বীমাকৃত ব্যক্তির মৃত্যুতে (পলিসি চালু হওয়ার সময়কালীন বয়স 35 বৎসর), ষষ্ঠ পলিসি বৎসরের সময়ে


- পলিসি ইস্যু করার তারিখ : 1লা নভেম্বর, 2015
- পলিসিহোল্ডার জমা করেন - ₹1 লক্ষ এবং করসমূহ, বার্ষিক প্রিমিয়াম হিসাবে, 6 বৎসরের জন্যে এবং 1লা ডিসেম্বর 2020 তে মৃত্যু হয়
- ক্লেমের সেটল হয় 1 লা জানুয়ারী, 2021
- নমিনি বেনিফিশিয়ারি / পাবেন

a. 1লা জানুয়ারী 2021' তারিখে আপনি পাবেন ₹1.5 লক্ষ, তৎসহ ₹8,000 (প্রতিশ্রুত টার্মিনাল বেনিফিট)

b. 1 লা ডিসেম্বর এবং পরবর্তী 11 বছর প্রত্যেক বৎসরে পাবেন ₹1.5 লক্ষ।

c. 12তম ইনস্টলমেন্টের সময় ₹1.5 লক্ষসহ আরও টাকা 6 লক্ষ।

নমিনি / বেনিফিশিয়ারিকে প্রদেয় মোট সুবিধারাশি পে-আউটের পরিমাণ হবে, ₹24,08,000/-




**প্রতিশ্রুত টার্মিনাল সুবিধারাশি**

একটি প্রতিশ্রুত টার্মিনাল সুবিধারাশি প্রদান করা হবে, প্রবেশকালীন বয়সের উপর নির্ভর করে, মৃত্যুতে ক্লেমের সেটলমেন্টের সময়ে অথবা প্রিমিয়াম পেমেন্ট টার্মের শেষে, যেটি আগে হবে।

| এন্ট্রি ব্যান্ডে বয়স (বৎসর) | প্রতিশ্রুত টার্মিনাল সুবিধা |
|---|---|
| 6-15 | এক বার্ষিক প্রিমিয়ামের 12% |
| 16-25 | এক বার্ষিক প্রিমিয়ামের 10% |
| 26-35 | এক বার্ষিক প্রিমিয়ামের 8% |
| 36-40 | এক বার্ষিক প্রিমিয়ামের 6% |
| 41-45 | এক বার্ষিক প্রিমিয়ামের 4% |
| 46-50 | এক বার্ষিক প্রিমিয়ামের 2% |

'বার্ষিক প্রিমিয়াম' হল পলিসিহোল্ডারের বেছে নেওয়া প্রদেয় এক বৎসরের প্রিমিয়ামের পরিমাণ, থেকে কর, রাইডার প্রিমিয়াম, অধিকৃত এক্সট্রা প্রিমিয়াম এবং মোডাল প্রিমিয়ামের জন্যে লোডিংস, যদি থাকে, বাদ দিয়ে বাকি অর্থরাশি।

**ল্যাপ্স / রিভাইভাল / সারেন্ডার বিধি**

**যদি অন্ততপক্ষে দুই (2) বৎসরের প্রিমিয়াম জমা না করা হয়ে থাকে :**

- প্রথম দুই (2) পলিসি বৎসরে, যদি বর্ধিত সময়কালের সমাপ্তি তারিখ শেষ হওয়ার আগে বকেয়া প্রিমিয়ামগুলি জমা না করা হয়ে থাকে, তবে পলিসিটি ল্যাপ্স হয়ে যাবে।
- যদি ল্যাপ্সড পলিসি প্রথম ধার্য প্রিমিয়াম জমা না করার তারিখ থেকে পাঁচ বৎসর মধ্যে (রিভাইভাল পিরিওড) পুনরুদ্ধার না করা হয়, তবে পলিসিটি বন্ধ হয়ে যাবে মোট জমা করা প্রিমিয়ামের 30% অর্থ প্রদান করার পরে।
- যদি ল্যাপ্সড পলিসি রিভাইভাল পিরিওডের সময়কালে, বীমাকৃত ব্যক্তির মৃত্যু হয়, তবে নমিনিকে মৃত্যুর তারিখ পর্যন্ত প্রিমিয়ামের মোট অর্থরাশির 100% ফেরৎ দেওয়া হবে এবং পলিসিটিকে বন্ধ করে দেওয়া হবে।
- অন্য কোনো সুবিধারাশি প্রদান করা হবে না।

মোট জমা করা প্রিমিয়ামের অর্থ হল প্রিমিয়ামের জন্যে প্রাপ্ত মোট অর্থসহ, কোনো এক্সট্রা প্রিমিয়াম, কোনো রাইডার প্রিমিয়াম এবং করসহ।

**যদি অন্তত দুই (2) বৎসরের নিয়মিত প্রিমিয়াম জমা করা হয়ে থাকে :**

অন্তত প্রথম দুই (2) বৎসরের প্রিমিয়াম জমা করার পরে, যদি কোনো বকেয়া প্রিমিয়াম জমা না করা হয়ে থাকে গ্রেস পিরিওড শেষ হওয়ার আগে, সেক্ষেত্রে :

- পলিসিটি পেইড-আপ পলিসিতে পরিণত হবে।

মোট সংখ্যক জমা করা প্রিমিয়াম

পেইড আপ আশ্বাসিত অর্থরাশি = ............................................ x মৃত্যুতে আশ্বাসিত অর্থরাশি

কন্ট্র্যাক্ট অনুযায়ী মোট প্রদেয়যোগ্য প্রিমিয়ামের সংখ্যা

- **হ্রাসপ্রাপ্ত পেইড-আপ সুবিধারাশি প্রদান করা হবে নিম্নলিখিত উপায়ে :**

বীমাকৃত ব্যক্তির পলিসি টার্ম চলাকালীন মৃত্যু হয়, পেইড-আপ আশ্বাসিত অর্থরাশি প্রদান করা হবে নিম্নলিখিত উপায়ে :

- ''1.5 X (জমা করা প্রিমিয়ামের সংখ্যা / 12) গুণ বার্ষিক প্রিমিয়াম''-এর 12 নিয়মিত বার্ষিক ইনস্টলমেন্টস প্রদান করা হবে।
  - প্রথম ইনস্টলমেন্ট দেওয়া হবে মৃত্যুতে ক্লেমের সেটলমেন্টের সময়ে প্রতিশ্রুত টার্মিনাল সুবিধারাশি X (জমা করা প্রিমিয়ামের সংখ্যা / 12) সহ।
  - বকি 11 বার্ষিক ইনস্টলমেন্ট প্রদান করা হবে বীমাকৃত ব্যক্তির প্রত্যেক মৃত্যু বার্ষিকীর তারিখে, প্রথম মৃত্যু বার্ষিকীর তারিখ থেকে শুরু করে।
- 12তম বার্ষিক ইনস্টলমেন্টের সাথে থোক নগদ অর্থ হিসাবে '6 X (জমা করা প্রিমিয়ামের সংখ্যা / 12) গুণ বার্ষিক প্রিমিয়াম' প্রদান করা হবে।

যদি মেয়াদপূর্তি পর্যন্ত বীমাকৃত ব্যক্তি জীবিত থাকেন, পেইড-আপ আশ্বাসিত অর্থরাশি প্রদান করা হবে।

- প্রতিশ্রুত টার্মিনাল বেনিফিট X (জমা করা প্রিমিয়ামের সংখ্যা / 12) প্রিমিয়াম পেমেন্ট টার্মের শেষে।
- ''1.5 X (জমা করা প্রিমিয়ামের সংখ্যা / 12) গুণ বার্ষিক প্রিমিয়াম''-এর 12 নিয়মিত বার্ষিক ইনস্টলমেন্টস প্রদান করা হবে প্রত্যেক বৎসর, পে-আউট পিরিওডের সময়কালে।
- পে-আউট পিরিওড সময়কালের শেষে থোক নগদ অর্থ হিসাবে '6 X (জমা করা প্রিমিয়ামের সংখ্যা / 12) গুণ বার্ষিক প্রিমিয়াম' প্রদান করা হবে।

'বার্ষিক প্রিমিয়াম' হল পলিসিহোল্ডারের বেছে নেওয়া প্রদেয় এক বৎসরের প্রিমিয়ামের পরিমাণ, থেকে কর, রাইডার প্রিমিয়াম, অধিকৃত এক্সট্রা প্রিমিয়াম এবং মোডাল প্রিমিয়ামের জন্যে লোডিংস, যদি থাকে, বাদ দিয়ে বাকি অর্থরাশি।

**রিভাইভাল :**
পলিসিহোল্ডার প্রথম জমা না করা প্রিমিয়ামের তারিখ থেকে (FUP) 5 বৎসরের মধ্যে একটি ল্যাপ্সড / পেইড-আপ পলিসিকে পুনরুদ্ধার করতে পারেন। পলিসিহোল্ডারকে কন্টিনিউড ইন্সিওরেবিলিটির বিষয়ে, আমাদের বোর্ডের অনুমোদিত আন্ডাররাইটিং পলিসি অনুসারে সন্তোষজনক প্রমাণ দিতে হবে যা পুনরুদ্ধারের অর্থরাশির পরিমাণের উপর নির্ভর করে এবং সকল বকেয়া জমা না করা প্রিমিয়াম এবং এই বিলম্বিত সময়ের জন্যে জমা না করা বকেয়া প্রিমিয়ামের উপর রিভাইভাল ফী জমা করার পরে। রিভাইভাল ফী বর্তমানে হল ₹250 এবং কর, যদি থাকে এবং ৯% বাৎসরিক, মাসিক যৌগিক সুদের হারে, কর, যদি থাকে। পলিসি টার্ম শেষ হয়ে যাওয়ার পরে পেইড-আপ পলিসিকে পুনরুদ্ধার করা যায় না।

## সারেন্ডার ভ্যালু (SV)

একটি পলিসিকে যেকোনো সময় সারেন্ডার করা যেতে পারে, যদি অন্ততপক্ষে দুই বৎসরের সম্পূর্ণ প্রিমিয়াম জমা করা হয়ে থাকে। সারেন্ডার ভ্যালুর পরিমাণ হবে প্রতিশ্রুত সারেন্ডার ভ্যালু এবং স্পেশ্যাল সারেন্ডার ভ্যালু -এর মধ্যে যেটি বেশি হবে।

- **প্রতিশ্রুত সারেন্ডার ভ্যালু :**

প্রতিশ্রুত সারেন্ডার ভ্যালু হবে নিম্নলিখিত অনুযায়ী :

| সারেন্ডারের পলিসি বৎসর | প্রতিশ্রুত সারেন্ডার ভ্যালু |
|---|---|
| 2nd | মোট জমা করা প্রিমিয়ামের* 35% |
| 3rd | মোট জমা করা প্রিমিয়ামের* 35% |
| 4th - 8th | মোট জমা করা প্রিমিয়ামের* 50% |
| 9th | মোট জমা করা প্রিমিয়ামের* 60% |
| 10th | মোট জমা করা প্রিমিয়ামের* 70% |
| 11th | মোট জমা করা প্রিমিয়ামের* 90% |
| 12th | মোট জমা করা প্রিমিয়ামের* 90% |

মোট জমা করা প্রিমিয়ামের অর্থ হল প্রাপ্ত সকল প্রিমিয়ামের মোট পরিমাণ, যার মধ্যে এক্সট্রা প্রিমিয়াম, রাইডার প্রিমিয়াম, যদি থাকে, এবং কর - অন্তর্ভুক্ত থাকে না।

- **স্পেশ্যাল সারেন্ডার ভ্যালু**

স্পেশ্যাল সারেন্ডার ভ্যালুর পরিমাণ হবে :

স্পেশ্যাল সারেন্ডার ভ্যালু ফ্যাক্টর x পেইড-আপ আশ্বাসিত অর্থরাশি

কোম্পানি দ্বারা স্পেশ্যাল সারেন্ডার ভ্যালু ফ্যাক্টরস (SSV) এর মূল্যায়ন হতে পারে IRDA-এর অনুমোদন অনুযায়ী, সময় থেকে সময়বিশেষে।

## জরুরী বিধি ও শর্তাবলী

**কর সুবিধা :**

আয়কর বিধি, 1961 এর বিভাগ 80C এবং 10(10(D)) অনুযায়ী কর সুবিধা পাওয়া যায়। কর সুবিধাগুলি তৎকালীন উপলব্ধ কর বিধি অনুযায়ী প্রযোজ্য এবং সময় থেকে সময়বিশেষে পরিবর্তনসাপেক্ষ।

**বর্ধিত সময়কাল (গ্রেস পিরিওড):**

'বর্ধিত সময়কাল' এটি হল কোম্পানির দ্বারা প্রিমিয়াম জমা করার ধার্য তারিখ থেকে অনুমোদিত সময়কাল, কোনো পেনাল্টি অথবা লেট ফী ছাড়াই, যে সময়ে পলিসিটিকে ইন-ফোর্স বা চালু হিসাবে বিবেচনা করা হয় রিস্ক কভারসহ, কোনো বাধা ছাড়াই, পলিসির বিধি ও শর্তাবলী অনুযায়ী। প্রিমিয়াম জমা করার বর্ধিত সময়কাল হল 30 দিন।

**নমিনেশন এবং অ্যাসাইনমেন্ট :**

নমিনেশন, বীমা বিধি 1938 এর বিভাগ 39 এর বিবৃতি অনুযায়ী, সময় থেকে সময়বিশেষে যেমন পরিবর্তন হবে, এই পলিসির অন্তর্গত প্রযোজ্য হবে।

অ্যাসাইনমেন্ট, বীমা বিধি 1938 এর বিভাগ 38 এর বিবৃতি অনুযায়ী, সময় থেকে সময়বিশেষে যেমন পরিবর্তন হবে, এই পলিসির অন্তর্গত প্রযোজ্য হবে।

**লোন**

আভিভার এই পলিসিটি থেকে কোনো লোনের সুযোগ নেই।

**ফ্রী লুক পিরিওড**

পলিসিহোল্ডারের পলিসি দস্তাবেজ প্রাপ্ত হওয়ার তারিখ থেকে 15 দিনের (30 দিন, যদি পলিসিটি ইলেক্ট্রনিক-এর মাধ্যমে করা হয়ে থাকে এবং পলিসিটি ডিস্ট্যান্স পদ্ধতির মাধ্যমে প্রাপ্ত হয়ে থাকে) মধ্যে, এই সময়ের মধ্যে পলিসির বিধি ও শর্তাবলীগুলির পুনর্মূল্যায়ন করার অধিকার আছে। যদি পলিসিহোল্ডার ফ্রী লুক পিরিওডের মধ্যে পলিটি বাতিল করেন, কোম্পানি বাতিলের তারিখ অনুযায়ী প্রিমিয়ামের অর্থ থেকে মেডিক্যাল পরীক্ষার জন্যে যদি কোনো ব্যয় হয়ে থাকে এবং আনুপাতিক ঝুঁকি চার্জ এবং স্ট্যাম্প ডিউটির অর্থ বিয়োগ করে বাকি অর্থ ফেরৎ দেবেন।

**আত্মহত্যার ক্লেমের বিধি এবং বর্জননীতি (যদি থাকে)**

বীমাকৃত ব্যক্তি যদি পলিসির অন্তর্গত ঝুঁকির কভার শুরু হওয়ার পরে অথবা পলিসির পুনরুদ্ধারের তারিখ থেকে 12 মাসের মধ্যে আত্মহত্যা করেন, যেমন প্রযোজ্য, সেক্ষেত্রে পলিসিহোল্ডারের নমিনি অথবা বেনিফিশিয়ারি মৃত্যুর তারিখ পর্যন্ত মোট জমা করা প্রিমিয়ামের অন্তত 80% অথবা মৃত্যুর তারিখ পর্যন্ত উপলব্ধ সারেন্ডার ভ্যালু, যেটি বেশি হবে, পাবেন, পলিসি চালু আছে এই শর্তে।

## গ্রহণ স্বীকৃতি

ঝুঁকি স্বীকার এবং প্রিমিয়াম সম্পূর্ণ প্রাপ্ত হওয়া পর্যন্ত আভিভার কোনো দাবীর জন্যে দায়বদ্ধতা নেই।

## বীমা বিধি 1938 এর বিভাগ 41

বীমা বিধি, 1938 এর বিভাগ 41 বিধি অনুযায়ী, সময় থেকে সময়ে পরিশোধনযোগ্য, প্রযোজ্য হবে। বর্তমানের বিধি অনুযায়ী

(1) কোনো ব্যক্তিকে অনুমতি দেওয়া হয় না কিংবা অনুমতির জন্যে সম্মতি দেওয়া হয় না, ভারতবর্ষে কোনো ধরণের জীবন অথবা সম্পত্তি বিষয়ক ঝুঁকি সম্পর্কিত ঘটনার জন্যে প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে কোনো ব্যক্তিকে কোনো বীমা নেওয়া অথবা পুনর্নবীকরণ করার জন্যে প্রলোভিত করার, পলিসিতে প্রদর্শিত প্রিমিয়ামের জন্যে প্রদেয় কমিশনের থেকে সম্পূর্ণ অথবা আংশিক রিবেট প্রদান করার, অন্যদিকে কোনো ব্যক্তিও কোনো পলিসির পুনর্নবীকরণ অথবা চালু রাখার জন্যে কোনো রিবেট নিতে পারবেন না, যদি না বীমাকারীর প্রসপেক্টাস অথবা টেবিলে প্রকাশিত এই রিবেটের সাথে সামঞ্জস্য থাকে।

(2) যদি কোনো ব্যক্তি এই বিভাগের বিধিগুলিকে সঠিকভাবে মানতে না পারেন, তাঁকে জরিমানা দিতে বাধ্য হতে হবে, যার পরিমাণ হতে পারে দশ লক্ষ টাকা পর্যন্ত।

## বীমা বিধি 1938 এর বিভাগ 45

বীমা বিধি 1938 এর বিভাগ 45 বিধি অনুযায়ী, সময় থেকে সময়ে পরিশোধনযোগ্য, প্রযোজ্য হবে। বর্তমানের বিধি অনুযায়ী

## আভিভার বিষয়ে

**আভিভা-তে কেন বিনিয়োগ করবেন?**

আভিভা লাইফ ইন্সিওরেন্স কোম্পানি ইন্ডিয়া লিমিটেড হল ডাবর ইনভেস্ট কর্প এবং আভিভা ইন্টার্ন্যাশনাল হোল্ডিংস লিমিটেড, একটি ইউকে (UK) ভিত্তিক ইন্সিওরেন্স গ্রুপ, ভারতবর্ষের সাথে যে সংস্থাটির সংশ্লিষ্টতা দীর্ঘ 1834 সাল থেকে - এই দুইটি কোম্পানির যুগ্ম উদ্যোগ। আভিভা লাইফ ইন্সিওরেন্স বেছে নিয়ে আপনি বিশ্বের অন্যতম প্রাচীন ইন্সিওরেন্স গোষ্ঠীর অভিজ্ঞতার নিয়ন্ত্রণাধীন হতে পারছেন, যাঁদের অস্তিত্ব শুরু হয় 1696 সালে। 1884 এ প্রতিষ্ঠিত, ডাবর ইন্ডিয়া লিমিটেড হল ভারতবর্ষের প্রাচীন এবং বৃহত্তর কোম্পানি গোষ্ঠীগুলির অন্যতম। এটি প্রথাগত স্বাস্থ্য সুরক্ষার উৎপাদন তৈরি করার অন্যতম প্রস্তুতকারক।

**অনুসন্ধান এবং অভিযোগ :**

অতিরিক্ত তথ্য, অনুসন্ধান অথবা অভিযোগ জানানোর জন্যে অনুগ্রহ করে আমাদের সাথে নিম্নলিখিত নম্বরগুলিতে যোগাযোগ করুন :
1800-103-7766 (টোল ফ্রী - BSNL/MTNL জন্যে) অথবা
0124-2709046 অথবা SMS করুন : "Aviva" লিখে 5676737 নম্বরে
ফ্যাক্স নং.: 0124-2571210

AVIVA
| Life Insurance |

*ডাবর ইনভেস্ট কর্প এবং*
*আভিভা ইন্টার্ন্যাশনাল হোল্ডিংস লিমিটেডের একটি যুগ্ম উদ্যোগ*


**আভিভা লাইফ ইন্সিওরেন্স কোম্পানি ইন্ডিয়া লিমিটেড**

**প্রধান কার্যালয় :** আভিভা টাওয়ার, সেক্টর রোড, গল্ফ কোর্সের বিপরীতে,
DLF ফেজ-V, সেক্টর 43, গুরুগ্রাম-122003, হরিয়ানা, ভারতবর্ষ
টেলি নং.: +91 124-2709000, ফ্যাক্স নং.: +91 124-2571210
**ওয়েবসাইট:** www.avivaindia.com
**ই-মেল:** customerservices@avivaindia.com

**রেজিস্টার্ড অফিস :** 2য় তল, প্রকাশদীপ বিল্ডিং,
7, টলস্টয় মার্গ, নিউ দিল্লি-110001, ভারতবর্ষ

কর্পোরেট আইডেন্টিটি নাম্বার (CIN): U66010DL2000PLC107880


প্রতারণামূলক ফোন কল এবং জাল / ছলনামূলক অফার থেকে সাবধান থাকবেন।
IRDA অফ ইন্ডিয়া জনসাধারণের কাছে এই বিবৃতি দিচ্ছে যে:
• IRDA অফ ইন্ডিয়া অথবা এর আধিকারিকগণ কোনো ধরণের বীমা অথবা আর্থিক প্রোডাক্টের বিক্রয় অথবা প্রিমিয়ামে বিনিয়োগের মত কার্যাবলীর সাথে জড়িত থাকে না। • IRDA অফ ইন্ডিয়া কোনো বোনাসের জন্যে ঘোষণা করে না। যদি জনসাধারণ থেকে কেউ এই ধরণের ফোন কল পেয়ে থাকেন তাঁকে অনুরোধ করা হচ্ছে ফোন কলের নম্বরসহ পুলিশের কাছে একটি অভিযোগ জানাতে।

আভিভা নিউ ফ্যামিলি ইনকাম বিল্ডার – একটি ইন্ডিভিজুয়াল নন–লিংকড নন–পার্টিসিপেটিং সেভিংস লাইফ ইন্সিওরেন্স প্ল্যান। উপরে প্রদর্শিত ট্রেড লোগোটি হল আভিভা ব্র্যান্ডস লিমিটেডের এবং আভিভা লাইফ ইন্সিওরেন্স কোম্পানি ইন্ডিয়া লিমিটেডের দ্বারা অধিকৃত লাইসেন্স দ্বারা ব্যবহৃত। কর সুবিধাগুলি বর্তমানে উপলব্ধ কর বিধি অনুযায়ী প্রযোজ্য এবং পরিবর্তনসাপেক্ষ। আভিভা নিউ ফ্যামিলি ইনকাম বিল্ডার – একটি ইন্ডিভিজুয়াল নন–লিংকড নন–পার্টিসিপেটিং সেভিংস ওরিয়েন্টেড ইন্সিওরেন্স প্ল্যান। IRDA অফ ইন্ডিয়া নং. 122. UIN : 122N103V04, Advt. No.: Nov 38/19, MKT/Nov 2019/Ver.2.0